



শান্তি আলোচনায় আজ ইসলামাবাদে যাচ্ছেন ইরানি প্রতিনিধিদল



সংগৃহীত ছবি

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে দ্বিতীয় দফা শান্তি আলোচনায় অংশ নিতে আজ রাতে ইসলামাবাদে পৌঁছাতে পারে ইরানি প্রতিনিধি দল। স্থানীয় গণমাধ্যমগুলো এ তথ্য জানিয়েছে।

জিও নিউজের খবরে বলা হয়, ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচির নেতৃত্বে একটি ছোট প্রতিনিধি দল শুক্রবার রাতে পাকিস্তানের রাজধানীতে পৌঁছানোর সন্ভাবনা রয়েছে। আলোচনাকে ঘিরে কূটনৈতিক তৎপরতা ইতিমধ্যেই শুরু হয়েছে।

পাকিস্তানি সরকারি সূত্রের বরাতে স্থানীয় সংবাদমাধ্যমগুলো জানায়, যুক্তরাষ্ট্রের একটি লজিস্টিক ও নিরাপত্তা টিম আগেই ইসলামাবাদে পৌঁছে প্রস্তুতিমূলক কাজ শুরু করেছে।

প্রভাবশালী সংবাদমাধ্যম 'ডন' জানায়, আরাগচি সীমিত সংখ্যক কর্মকর্তার সঙ্গে এই সফরে আসছেন এবং রাতের মধ্যেই তাদের আগমনের সন্ভাবনা রয়েছে।

বিশ্লেষকদের মতে, এই আলোচনা মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা প্রশমনের একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ হিসেবে দেখা হচ্ছে। ওয়াশিংটন ও তেহরানের মধ্যে সরাসরি কিংবা পরোক্ষ সংলাপ হওয়ার সন্ভাবনাও রয়েছে।

এর আগে যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইঙ্গিত দেন, আগামী শুক্রবারের মধ্যেই দ্বিতীয় দফা আলোচনা শুরু হতে পারে। তার দাবি অনুযায়ী, ৩৬ থেকে ৭২ ঘণ্টার মধ্যেই আলোচনার প্রক্রিয়া শুরু হওয়ার সন্ভাবনা রয়েছে।

নিউইয়র্ক পোস্টের প্রতিবেদনে বলা হয়, পাকিস্তানি কর্মকর্তারাও একই ধরনের সময়সীমার কথা জানিয়েছেন। বিষয়টি জানতে চাইলে ট্রাম্প সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় বলেন, ওই সময়ের মধ্যেই আলোচনার সন্ভাবনা রয়েছে।